১২ আগস্ট, ২০২৬

# আ. লীগের নিষেধাজ্ঞা প্রত্যাহারের খবর গুজব: তথ্যমন্ত্রী



তথ্যমন্ত্রী জহির উদ্দিন। ছবি: সংগৃহীত

কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের ওপর থেকে নিষেধাজ্ঞা প্রত্যাহারের যে খবর ছড়িয়েছে, তা ভিত্তিহীন বলে জানিয়েছেন তথ্য ও সম্প্রচারমন্ত্রী জহির উদ্দিন স্বপন।

বুধবার (১২ আগস্ট) সকালে আন্তর্জাতিক যুব দিবস উপলক্ষে রাজধানীর ফরেন সার্ভিস একাডেমিতে আয়োজিত এক অনুষ্ঠানে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন।

তথ্যমন্ত্রী বলেন, আওয়ামী লীগের ওপর থেকে নিষেধাজ্ঞা তুলে নেওয়ার বিষয়ে সরকারের পক্ষ থেকে কোনো সিদ্ধান্ত নেওয়া হয়নি। এ সংক্রান্ত প্রচারকে তিনি গুজব হিসেবে উল্লেখ করেন।

ভারতের সঙ্গে বাংলাদেশের বিভিন্ন কূটনৈতিক বিষয়ে প্রশ্ন করা হলে জহির উদ্দিন স্বপন বলেন, বিদ্যমান জটিলতাগুলো আলোচনার মাধ্যমে সমাধানে সরকার আন্তরিকভাবে কাজ করছে।

LENS ASIA

তিনি আরও বলেন, তরুণ ও যুবসমাজের উন্নয়নকে সরকার অগ্রাধিকার দিচ্ছে। কর্মসংস্থান সৃষ্টি ও তরুণদের দক্ষতা বাড়ানোর বিষয়টি মন্ত্রিসভার বৈঠকগুলোতেও গুরুত্বের সঙ্গে আলোচনা করা হচ্ছে।